



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং বিঅ-৬/ ৫১৯৮২/৬২


তারিখ : ২২/০৬/২০২০

বিষয় : মুজিব বর্ষ উপলক্ষ্যে বৃক্ষরোপণ।

সূত্র : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিপত্রের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৩২.০৭.২০২০/২৯ বিশেষ তারিখ:
১০/০৩/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর আওতাধীন সকল শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানকে আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদযাপনকে অনবদ্য ও স্মরণীয় করে রাখার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর দেশের সকল মাধ্যমিক ও কলেজ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচি পালনের নির্দেশনা পরিপত্র (সংযুক্ত) অনুযায়ী ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল
নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়


২২, ০৬, ২০২০
(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০৪২১-৬৮৬৩৪

কি



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৩২.০৭.২০২০/২৯ বিশেষ

তারিখ: ১০/০৩/২০২০ খ্রি.

পরিপত্র

মুজিব বর্ষ উপলক্ষ্যে বৃক্ষরোপণ

আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উদযাপনকে অনবদ্য ও স্মরণীয় করে রাখার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর দেশের সকল মাধ্যমিক ও কলেজ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচি পালনের নির্দেশনা প্রদান করছে:

- ০২। আগামী ১৭ মার্চ শিক্ষকদের তত্ত্বাবধানে শিক্ষার্থীবৃন্দ প্রতিষ্ঠানের প্রাঙ্গণে অথবা নিকটবর্তী সুবিধাজনক স্থানে ১০০টি ফলদ, বনজ, ভেষজ ও ফুল গাছ রোপণ করবে।
- ০৩। ১৭ মার্চের পূর্বে প্রতি প্রাত্যহিক সমাবেশে “বৃক্ষরোপণ এবং পরিবেশ সংরক্ষণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভূমিকা ও তাৎপর্য” তুলে ধরে শিক্ষকগণ তথ্য সমৃদ্ধ বক্তব্য পেশ করবেন।
- ০৪। ইতোমধ্যে প্রেরিত “মুজিব বর্ষে অনড় পণ - পরিবেশের সংরক্ষণ” নামক প্রজেক্টটির কার্যক্রমের অংশ হিসেবে ১৭ মার্চের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের পরিবেশ সংরক্ষণে বৃক্ষরোপণের ভূমিকা বিষয়ে অবহিত ও সচেতন করতে হবে।
- ০৫। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান উপর্যুক্ত কর্মসূচির ভিত্তিতে একটি (০১) ডকুমেন্টারি তৈরি করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করবে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)

মহাপরিচালক

PA
স্বাক্ষরিত (শেখ)
১১.০৩.২০২০